



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০০০.০৭৫.২২.০০১৪.২৫.১১২

তারিখঃ ২৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ

জিএডি সার্কুলার নম্বর- ২০/২০২৫

বিষয়ঃ বিরোধ নিষ্পত্তি কমিটি বরাবরে আবেদন করার ক্ষেত্রে প্রদেয় ফি নিরূপন।

‘বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিরোধ নিষ্পত্তি কমিটি) প্রবিধানমালা, ২০১২’এর প্রবিধি ৮ এ বিরোধীয় দাবির অনূর্ধ্ব ২ (দুই) শতাংশ পরিমাণ ফি নির্ধারণ করা আছে। এর ভিত্তিতে কত শতাংশ হারে ফি ধার্য করা হবে তার সুস্পষ্ট দিক নির্দেশনা না থাকার প্রেক্ষিতে ফি এর হার নির্ধারণ করা প্রয়োজন। এমতাবস্থায়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন ২০১০ এর ধারা ৩ অনুযায়ী কর্তৃপক্ষ প্রবিধি-৮ এ বর্ণিত সীমার মধ্যে বিরোধীয় দাবীর পরিমাণের ভিত্তিতে নিম্নোক্তভাবে বিরোধ নিষ্পত্তি কমিটির ফি নির্ধারণ করল:

১. লাইফ ইস্যুরেন্স পলিসি হতে উদ্ধৃত বিরোধের আবেদনের ক্ষেত্রে-

| ক্রম | আবেদনে উল্লিখিত বিরোধীয় দাবির পরিমাণ | নির্ধারিত ফি |
|------|--|------------------------------------|
| ১ | ২ | ৩ |
| ১. | প্রথম ১০ (দশ) লক্ষ টাকা বিরোধীয় দাবির উপর | ০.৮% (শূন্য দশমিক আট শতাংশ) |
| ২. | পরবর্তী ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বিরোধীয় দাবির উপর | ০.৪% (শূন্য দশমিক চার শতাংশ) |
| ৩. | পরবর্তী ১ (এক) কোটি টাকা বিরোধীয় দাবির উপর | ০.২% (শূন্য দশমিক দুই শতাংশ) |
| ৪. | পরবর্তী ২ (দুই) কোটি টাকা বিরোধীয় দাবির উপর | ০.০৮% (শূন্য দশমিক শূন্য আট শতাংশ) |
| ৫. | অবশিষ্ট বিরোধীয় দাবির উপর | ০.০১% (শূন্য দশমিক শূন্য এক শতাংশ) |

তবে শর্ত থাকে যে, উপরে বর্ণিত ছক অনুযায়ী নির্ধারিত ফি এর পরিমাণ ১০,০০০ (দশ হাজার) টাকার কম বা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার অধিক হবেনা।

২. নন-লাইফ ইস্যুরেন্স পলিসি হতে উদ্ধৃত বিরোধের আবেদনের ক্ষেত্রে-

| ক্রম | বিরোধীয় দাবির পরিমাণ | নির্ধারিত ফি |
|------|--|------------------------------------|
| ১ | ২ | ৩ |
| ১. | প্রথম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বিরোধীয় দাবির উপর | ০.৮% (শূন্য দশমিক আট শতাংশ) |
| ২. | পরবর্তী ১ (এক) কোটি টাকা বিরোধীয় দাবির উপর | ০.৪% (শূন্য দশমিক চার শতাংশ) |
| ৩. | পরবর্তী ৩ (তিন) কোটি টাকা বিরোধীয় দাবির উপর | ০.২% (শূন্য দশমিক দুই শতাংশ) |
| ৪. | পরবর্তী ৫ (পাঁচ) কোটি টাকা বিরোধীয় দাবির উপর | ০.০৮% (শূন্য দশমিক শূন্য আট শতাংশ) |
| ৫. | অবশিষ্ট বিরোধীয় দাবির উপর | ০.০১% (শূন্য দশমিক শূন্য এক শতাংশ) |

তবে শর্ত থাকে যে, উপরে বর্ণিত ছক অনুযায়ী নির্ধারিত ফি এর পরিমাণ ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকার কম বা ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার অধিক হবেনা।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ সার্কুলার জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

 ০৭.০৯.২০২৫

মোহঃ আব্দুল মজিদ, উপসচিব

পরিচালক (আইন)

ফোন: ০২- ৪১০৫১৩৮৫

ই-মেইল: directorlaw@idra.org.bd

বিতরণ (কার্যার্থে):

১. ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তা, লাইফ ও নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানি (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইস্যুরেন্স এসোসিয়েশন

২. চেয়ারম্যান, সকল লাইফ ও নন-লাইফ বীমা কর্পোরেশন/কোম্পানি

৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ)

৪. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৫. চেয়ারম্যানের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৬. মিডিয়া এন্ড কমিউনিকেশন পরামর্শক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৭. নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৮. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৯. সদস্যগণের ব্যক্তিগত সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
১০. সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
১১. অফিস কপি

